সংবাদ

18 APR 2007

পৃষ্ঠা ২ কলাম ২

# জেলা প্রশাসকের নির্দেশে যশোরে শিক্ষা মন্ত্রণালয়ের উল্টো সিদ্ধান্ত কার্যকর

যশোর অফিস

শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা প্রজ্ঞাপনের উল্টো সিদ্ধান্ত কার্যকর হয়েছে যশোরের সব শিক্ষা প্রতিষ্ঠানে। জেলা প্রশাসকের এক আদেশে এ ঘটনা ঘটেছে। জেলা প্রশাসক অবশ্য তা স্বীকারও করেছেন।

শিক্ষা মন্ত্রণালয় গত বছরের ১৩ নভেম্বর এক প্রজ্ঞাপনের মাধ্যমে জানায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা কমিটি থেকে মনোনীত রাজনৈতিক ব্যক্তিদের মনোনয়ন বাতিল করতে হবে। কিন্তু জেলা প্রশাসকের এক আদেশে জেলার সব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের কমিটি বাতিল করা হয়। যারা মনোনয়নের পরিবর্তে নির্বাচিত সভাপতি, সদস্য অথবা প্রতিনিধি ছিলেন তাদেরও বাতিল করা হয়। বর্তমানে ওই পদে সরকারি কর্মকর্তাদের মনোনয়ন দেয়া হয়েছে। এ ব্যাপারে কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষে হাইকোর্টে মামলা করে তাদের কমিটি বহাল রেখেছেন।

জেলার বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচিত কমিটি নিয়ে এই অবস্থা চলতে থাকায় গত ৩ এপ্রিল এ ব্যাপারে প্রাথমিক ও গণশিক্ষা এবং সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা আইয়ুব কাদরী সুস্পষ্ট ব্যাখ্যা দিয়েছেন। তিনি বলেন, সব গভর্নিং বডি বিলুপ্ত করা হয়নি। যেসব গভর্নিং বডিতে মনোনীত রাজনৈতিক ব্যক্তিত্ব ছিলেন, তাদের নিয়োগ বাতিল করা হয়েছে। তবে যারা নির্বাচিত হয়েছেন তারা রাজনৈতিক ব্যক্তিত্ব হলেও অবশ্যই বহাল থাকবেন।

উপদেষ্টার এ ব্যাখ্যার পর পনেরদিন পেরিয়ে গেলেও যশোরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের নির্বাচিত কমিটি বহালের উদ্যোগ নেয়া হয়নি। এ বিষয়ে জেলা প্রশাসক আবুল হোসেন ঢালাওভাবে কমিটি বাতিলের কথা স্বীকার করে বলেন, নির্বাচিত কমিটি আবেদন করলে যাচাই করে তা বহাল রাখা হবে।